

শ্রেণী পরিবর্তনের (কনভারশন) আবেদনের জন্য  
প্রদেয় নথিপত্র এবং বিষয় সমূহের চেক লিস্ট

আপনার জমির শ্রেণী পরিবর্তনের আবেদনের সঙ্গে যে সব নথিপত্র প্রয়োজন

- ০১) আবেদনকারীর এল.আর খতিয়ান/মিউটেশন সার্টিফিকেটের কপি।
- ০২) প্রামাণ্য স্কেচ ম্যাপ যাতে চারিপাশের দাগসহ সংশ্লিষ্ট জমি দেখানো থাকবে। সংশ্লিষ্ট জমি লাল কালি দ্বারা চিহ্নিত থাকবে।
- ০৩) সংশ্লিষ্ট জমির খাজনা এবং/অথবা সেস প্রদানের দাখিলার কপি।
- ০৪) পার্শ্ববর্তী জমির মালিকদের কাছ থেকে তাঁদের নিজ নিজ জমির দাগ নম্বর উল্লেখ করে, "আপত্তি নাই শংসাপত্র" বা "নো অবজেকশন সার্টিফিকেটের" কপি।
- ০৫) গ্রাম পঞ্চায়েত প্রধান/পঞ্চায়েত সমিতির সভাপতির কাছ থেকে "আপত্তি নাই শংসাপত্র" বা "নো অবজেকশন সার্টিফিকেটের" মূল কপি।
- ০৬) হলফনামা/সাদা কাগজে আবেদনকারী স্বাক্ষরিত ঘোষণাপত্র।
- ০৭) জাতীয় সড়ক নং ৩৪ এর ৭৫ মিটার বা ২৩৬ ফুটের মধ্যে জমিটি অবস্থিত কিনা, প্রয়োজনে সংশ্লিষ্ট বি.এল.এল.আর.ও দ্বারা স্বাক্ষরিত ঘোষণাপত্র।
- ০৮) শিল্প/কুটার শিল্পক্ষেত্রে দূষণ নিয়ন্ত্রন পর্যদ এবং অগ্নি নির্বাপন বাহিনী থেকে প্রদত্ত প্রকল্প বিষয়ক "আপত্তি নাই শংসাপত্র" বা "নো অবজেকশন সার্টিফিকেট"।
- ০৯) যে সব ক্ষেত্রে অনুমতিপত্র, লাইসেন্স ইত্যাদির প্রয়োজন হয় সে সব ক্ষেত্রে সেই সব নথিগুলির কপি।
- ১০) সংশ্লিষ্ট জমিতে সর্বসাধারণের কোন অধিকার বা স্বত্ব রেকর্ডভুক্ত আছে কিনা?
- ১১) সংশ্লিষ্ট জমি বাণিজ্যিক/অবাণিজ্যিক কোন প্রয়োজনে লাগবে।
- ১২) শ্রেণী পরিবর্তনের আবেদনের সঙ্গে প্রদেয় কোর্ট ফি স্ট্যাম্প দেওয়া আছে কিনা?
- ১৩) সংশ্লিষ্ট জমির শ্রেণী পরিবর্তন এলাকার জমি ব্যবহারের সাধারণ ধরনের সঙ্গে সঙ্গতিপূর্ণ কিনা?
- ১৪) সংশ্লিষ্ট জমির শ্রেণী পরিবর্তন এলাকার বাসিন্দাদের ক্ষেত্রে কোনরকম অসুবিধা ঘটাবে কিনা?
- ১৫) সংশ্লিষ্ট জমির শ্রেণী পরিবর্তনে স্বাভাবিক কৃষিকার্য ব্যহত হবে কিনা?
- ১৬) সংশ্লিষ্ট জমি শ্রেণী পরিবর্তনের ফলে নিকটবর্তী রাস্তা/সেতু/বাঁধ/বিদ্যুৎ ব্যবস্থায় ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে কিনা?
- ১৭) বি.এল.এল.আর.ও দ্বারা প্রতি স্বাক্ষরিত রাজস্ব পরিদর্শক/আমিনের প্রতিবেদন।
- ১৮) বি.এল.এল.আর.ও / এস.ডি.এল.আর.ও-র সুপারিশ।

আপনার দরখাস্ত সম্পূর্ণরূপে প্রস্তুত করে ১০ শতক পর্যন্ত স্থানীয় এস.ডি.এল.আর.ও এবং ১০ শতকের উর্কে হলে ডি.এল.আর.ও., নদীয়ার করণে জমা দেবেন। মনে রাখবেন যথাযথ আদেশ পাওয়ার আগে আপনার জমির শ্রেণী পরিবর্তনের কোন কাজ করিবেন না। এটি দণ্ডযোগ্য অপরাধ।